



গবিতে শিক্ষার্থীদের স্বাস্থ্যসেবায় মেডিকেল সেন্টারের যাত্রা



ছবি: লেন্স এশিয়া

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) শিক্ষার্থীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে মেডিকেল সেন্টারের কার্যক্রম শুরু হয়েছে। মেডিকেল সেন্টারের চিকিৎসক হিসেবে দায়িত্ব পালন করবেন ডা. শরীফ ওমর ফারুক।

মঙ্গলবার (১৬ জুন) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দপ্তর থেকে এ তথ্য জানানো হয়। একাডেমিক ভবনের সি ব্লকের ৩০৬ নম্বর কক্ষে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত শিক্ষার্থীদের চিকিৎসাসেবা দেওয়া হবে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, শিক্ষার্থীদের অসুস্থতার সময় তাৎক্ষণিক চিকিৎসা ও প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে গত ১ জুন বিশ্ববিদ্যালয়ের বিধিমালা অনুযায়ী ডা. ওমর ফারুককে মেডিকেল সেন্টারের চিকিৎসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

মেডিকেল সেন্টার চালুর বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন শিক্ষার্থীরা। ফার্মেসি বিভাগের ৬ষ্ঠ সেমিস্টারের শিক্ষার্থী জাহিদ হাসান বলেন, “বিশ্ববিদ্যালয়ে মেডিকেল সেন্টারের যাত্রা শুরু হওয়ার কথা জেনে আমরা খুবই আনন্দিত। এতে শিক্ষার্থীরা প্রাথমিক চিকিৎসা সেবা পাবে। অসুস্থ হয়ে পড়লে শিক্ষার্থীদের ভোগান্তি পোহাতে হবে না। বিশ্ববিদ্যালয়ের এ উদ্যোগকে সাধুবাদ জানাই।”

নব্য দায়িত্বপ্রাপ্ত মেডিকেল অফিসার ডা. শরীফ ওমর ফারুক (এমবিবিএস) বলেন, “শিক্ষার্থীদের প্রাথমিক চিকিৎসা সেবা ও জ্বর ঠাণ্ডা, গ্যাস্ট্রিকের সমস্যা, পেট ব্যাথা, সিজারের ব্যাথা নিরসনের মেডিসিন সংক্রান্ত সেবা নিশ্চিত করা হবে।”

এছাড়া তিনি আরও বলেন, “বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশের ক্রীড়াখাতে ভূমিকা রাখে। খেলোয়াড়দের কথা ভেবে ইনজুরি হওয়ার ব্যথানাশক মেডিসিনের ব্যবস্থা করা এবং প্রাথমিক সেবা প্রদানের ব্যবস্থা করা হবে।”

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন বলেন, “বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সেবা প্রদানে মেডিকেল সেন্টার চালু করা হয়েছে। মেডিকেল অফিসার একজনকে নিয়োগ দেওয়া হয়েছে। আমরা নারী শিক্ষার্থীর জন্য নার্স নিয়োগ দিচ্ছি। মেডিকেল সেন্টার চালুর মাধ্যমে শিক্ষার্থীদের সকল ধরনের প্রাথমিক চিকিৎসা সেবা বিনামূল্যে প্রদান করা হবে। শিক্ষার্থীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত প্রশাসন কাজ করছে।”